# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৭০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - শুফ্‘আহ্

আরবী

وَعَن عبد الله بن جحش قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ قَطَعَ سِدْرَةً صَوَّبَ اللَّهُ رَأْسَهُ فِي النَّارِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَقَالَ: هَذَا الْحَدِيثُ مُخْتَصَرٌ يَعْنِي: مَنْ قَطَعَ سِدْرَةً فِي فَلَاةٍ يَسْتَظِلُّ بِهَا ابْنُ السَّبِيلِ وَالْبَهَائِمُ غَشْمًا وَظُلْمًا بِغَيْرِ حَقٍّ يَكُونُ لَهُ فِيهَا صَوَّبَ الله رَأسه فِي النَّار

বাংলা

২৯৭০-[১০] ’আব্দুল্লাহ ইবনু হুবায়শ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে বরই গাছ কেটেছে, তাকে আল্লাহ মাথা নিচু করে জাহান্নামে নিক্ষেপ করবেন। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ৫২৩৯, সহীহাহ্ ৬১৪, সহীহ আল জামি‘ ৬৪৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَنْ قَطَعَ سِدْرَةً) অর্থাৎ- উদ্ভিদ বিশেষ। ত্ববারানীর বর্ণনাতে একটু বেশী এসেছে, (مِنْ سِدْرِ الْحَرَمِ) “হারামের বরই গাছ” আর এ বর্ণনাটির উদ্দেশ্যকে স্পষ্ট করে দিচ্ছে, জটিলতা দূর করছে। এভাবে শারহুল জামি‘উস্ সগীরে আছে, (سُئِلَ أَبُو دَاودَ... إِلَخْ) আবূ দাঊদকে প্রশ্ন করা হলো..... শেষ পর্যন্ত। আর আবূ দাঊদ যার মাধ্যমে উত্তর দিয়েছে তাও আছে এবং বিদ্বানগণ ঐ ব্যাপারে তাকে সমর্থন করেছেন। তার বিশুদ্ধ ব্যাখ্যা আবশ্যক।

নিহায়াহ্ গ্রন্থকার বলেন, একমতে বলা হয়েছে- এর দ্বারা তিনি মক্কার বরই বৃক্ষ উদ্দেশ্য করেছেন, কেননা তা হারাম এলাকা। একমতে বলা হয়েছে- মদীনার বরই বৃক্ষ, তা কর্তন করতে নিষেধ করা হয়েছে যাতে তা (গাছ) সেদিকে হিজরতকারীদের জন্য ছায়াতে পরিণত হতে পারে। আরও একমতে বলা হয়েছে, এ দ্বারা ঐ বরই বৃক্ষ

উদ্দেশ্য যা মরুভূমিতে হয়ে থাকে, আর তাতে পথিক এবং প্রাণীসমূহ ছায়া গ্রহণ করে থাকে। অথবা যা মানুষের মালিকানাধীন থাকে, অতঃপর অত্যাচারী তার ওপর অত্যাচার চালিয়ে অন্যায়ভাবে তা কর্তন করে। এ সত্ত্বেও হাদীসটি মুযতরাবুর্ রিওয়ায়াহ্। কেননা অধিকাংশ বর্ণনাই ‘উরওয়াহ্ বিন যুবায়র হতে বর্ণনা করা হয়, আর তিনি বরই বৃক্ষ কাটতেন এবং তা দ্বারা দরজা তৈরি করতেন।

হিশাম বলেনঃ এগুলো বরই বৃক্ষের দরজা, আমার পিতা কেটেছেন এবং তা কাটা বৈধ হওয়ার ব্যাপারে বিদ্বানগণ একমত।

(صَوَّبَ اللّٰهُ) মাথা ধরে নিক্ষেপ করবেন জাহান্নামে। (‘আওনুল মা‘বূদ ৮ম খন্ড, হাঃ ৫২৩০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68297

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন